BARHBETA COLLEGE LIBRARY
Estd.-1948



B.A./4th Sem (G)/BEN/24(CBCS)

# 2024

## 4th Semester Examination

## BENGALI (General)

### Paper : AECC (Core) MIL 2-T

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

(উনিশ শতকের বাংলা প্রবন্ধ ও লোকসাহিত্য)

### বিভাগ - ক

যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। 'ভাববার কথা' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রকাশিত? প্রবন্ধটি কোন্ গদ্য ভাষায় রচিত? ১+১

২। চোবেজী কে ছিলেন? ২

৩। 'বলি, রামচরণ! তুমিও লেখাপড়া শিখলে না' — উদ্ধৃত অংশটি কার লেখা, কোন্ প্রবন্ধের অন্তর্গত? ১+১

৪। গীতিকাব্যের পারিপাট্যের জন্য বঙ্কিমচন্দ্র ক'টি বিষয়ের আবশ্যিকতা স্বীকার করেছেন? তা কী কী? ১+১

P.T.O.

৫। 'ভারতবর্ষীয় এবং পাশ্চাত্য আলঙ্কারিকেরা কাব্যকে নানা শ্রেণীতে বিভক্ত করিয়াছেন' — প্রাবন্ধিকের বক্তব্য অনুসারে কাব্যের শ্রেণিবিভাগগুলি লেখো। ২

৬। 'গীতিকাব্য' প্রবন্ধে উল্লেখিত 'রসমঞ্জরী' ও 'ব্রজাঙ্গনা' গ্রন্থ দু'টির রচয়িতা কারা? ১+১

৭। রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' প্রবন্ধটি কত সালে, কোথায় পঠিত হয়? ১+১

৮। 'তাঁহার নামগ্রহণ আমাদের পক্ষে বিষম আস্পর্ধার কথা বলিয়া বিবেচিত হইতে পারে।' — এখানে প্রাবন্ধিক কার নাম, কেন গ্রহণ করা আমাদের পক্ষে আস্পর্ধার বলে মনে করেছেন? ২

৯। কার লেখা, কোন্ গ্রন্থ অবলম্বনে বিদ্যাসাগর 'সীতার বনবাস' রচনা করেছিলেন? ১+১

১০। হানিফা কতদিন পর খানা খেয়েছিলেন? তাকে কারা বেঁধে মারতে উদ্যত হয়েছিল? ১+১

১১। "আজি আমার ঘরে তোমাদের খানা খাইতে হইবে।" — উদ্ধৃত অংশটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? বক্তা কে? ১+১

১২। মুসলমানি বাংলা ভাষায় লিখিত পুস্তকগুলির বিশেষত্ব কী? ২

১৩। 'মহুয়া' পালাটির সংগ্রাহক কে? এটির ক'টি পরিচ্ছেদ আছে? ১+১

১৪। 'মহুয়া' পালায় মহুয়ার মৃত্যু কীভাবে হয়েছিল? ২

১৫। হুমরা মহুয়াকে কোন্ গ্রাম থেকে চুরি করেছিল? তখন মহুয়ার বয়স কত ছিল? ১+১

## বিভাগ - খ

যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। 'পক্ষান্তরে গেটে বলিয়াছেন যে প্রকৃত নাটকের পক্ষে, কথোপকথনে গ্রন্থন বা অভিনয়ের উপযোগিতা নিতান্ত আবশ্যক নহে।' — মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১৭। তোমাদের পাঠ্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর প্রবন্ধ অবলম্বনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ব্যক্তিত্বের পরিচয় দাও।

১৮। 'ভাববার কথা' অবলম্বনে কৃষ্ণব্যাল ভট্টাচার্যের পরিচয় দাও।

১৯। 'মুসলমানি বাংলা' প্রবন্ধে প্রাবন্ধিক কেন, কোন্ দুঃখের কথা উল্লেখ করেছেন — তা সংক্ষেপে লেখো।

২০। 'মহুয়া' পালার নাট্যগুণ সংক্ষেপে আলোচনা করো।

২১। হুমরা বেদে চরিত্রটির গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

## বিভাগ - গ

যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। 'গীতিকাব্য' প্রবন্ধে প্রাবন্ধিক যেভাবে গীতিকাব্যের সংজ্ঞা নির্দেশ করে নাটক ও মহাকাব্যের সঙ্গে তার পার্থক্য দেখিয়েছেন — তা আলোচনা করো।

P.T.O.

২৩। হরপ্রসাদ শাস্ত্রী 'মুসলমানি বাংলা' প্রবন্ধে মুসলমানি বাংলার যে বৈশিষ্ট্য উল্লেখ করেছেন — তা লেখো।

২৪। 'মহুয়া' পালার নামকরণের সার্থকতা বিচার করো।

২৫। 'ভাববার কথা' অবলম্বনে প্রাবন্ধিক সত্যের শিক্ষার যে স্বরূপ আলোচনা করেছেন, তা ব্যক্ত করো।

---

অথবা

(ভাষাতত্ত্ব ও সাহিত্যতত্ত্ব)

বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। শৈলী বিচারে বহুস্বরকতা বা বহুধ্বনিময়তা (Polyphony) কী?

২। কোড বদল (Code Switching) কী?

৩। সমান্তরালতার (Parallelism) একটি দৃষ্টান্ত লেখো।

৪। ভাষা পরিকল্পনা বলতে কী বোঝো?

৫। বাংলা পরিভাষা সৃষ্টিতে উল্লেখযোগ্য অবদান রেখেছে এমন দু'টি প্রতিষ্ঠানের নাম লেখো।

৬। প্রথম বাংলা অভিধান কোন্‌টি? গ্রন্থটির রচয়িতা কে?

৭। শৈলীর 'নির্বাচন' কাকে বলে?

৮। 'বক্রোক্তিঃ কাব্যজীবিতম্' — কে বলেছেন? তিনি কোন্ সময়ের আলঙ্কারিক ছিলেন?

৯। বামন কোন্ রীতিকে শ্রেষ্ঠ বলেছেন? এই রীতির বৈশিষ্ট্য কী?

১০। আলঙ্কারিক মহিমভট্ট ঔচিত্যকে কয়টি ভাগে ভাগ করেছেন ও কী কী?

১১। কুন্তক বক্রোক্তিকে কয়টি শ্রেণিতে ভাগ করেছেন ও কী কী?

১২। শৈলীবিজ্ঞানের সংজ্ঞা লেখো।

১৩। অলংকারবাদের প্রধান প্রবক্তা কে? তিনি কোন্ সময়ে বর্তমান ছিলেন?

১৪। বাংলার কোন্ কবির কবিতায় সুররিয়ালিজমের নিদর্শন পাওয়া যায়? তাঁর এই জাতীয় দু'টি কবিতার নাম উল্লেখ করো।

১৫। রিয়ালিজমের দু'টি বৈশিষ্ট্য লেখো।

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। শৈলীবিজ্ঞানের বিচ্যুতি (Deviation) সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১৭। ভাষা পরিকল্পনার উদ্দেশ্য লেখো।

১৮। বাংলা ভাষার উন্নয়নে ভাষা পরিকল্পনার ভূমিকা সংক্ষেপে লেখো।

১৯। টীকা লেখো : বক্রোক্তিবাদ

২০। সুররিয়ালিজম বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

২১। টীকা লেখো : স্ট্রাকচারালিজম

## বিভাগ - গ

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। ভাষা পরিকল্পনায় অভিধান সংকলনের পর্যায় ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

২৩। কাব্যতত্ত্বের আলোচনায় 'গুণ' বলতে কী বোঝায় লেখো।

২৪। 'ক্ষেমেন্দ্র ঔচিত্যকেই কাব্যের আত্মা বলেছেন' — আলোচনা করো।

২৫। ফেমিনিজম সম্পর্কে আলোচনা করো।

---